# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ সিয়াম ও রোযা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

রোযা অবস্থায় ইঞ্জেকশন নেওয়া বৈধ কি?

রোযাদারদের জন্য চিকিৎসার ক্ষেত্রে সেই ইঞ্জেকশন ব্যবহার করা বৈধ। যা পানাহারের কাজ করে না। যেমন, পেনিসিলিন বা ইনসুলিন ইঞ্জেকশন অথবা অ্যান্টিবায়োটিক বা টনিক কিংবা ভিটামিন ইঞ্জেকশন অথবা ভ্যাকসিন ইঞ্জেকশন প্রভৃতি হাতে, কোমরে বা অন্য জায়গায়, দেহের পেশি অথবা শিরায় ব্যবহার করলে রোযার ক্ষতি হয় না। তবুও নিতান্ত জরুরী না হলে তা দিনে ব্যবহার না করে রাত্রে ব্যবহার করাই উত্তম ও পূর্বসাবধানতামূলক কর্ম। যেহেতু মহানবী (সঃ) বলেন, “ যে বিষয়ে সন্দেহ আছে, সে বিষয় বর্জন করে তাই কর, যাতে সন্দেহ নেই।” ৩০১ (আহমাদ, তিরমিযী ২৫১৮, নাসাঈ, ইবনে হিব্বান, ত্বাবারানী প্রমুখ, সহীহুল জামে ৩৩৭৭, ৩৩৭৮ নং) “সুতরাং যে সন্দিহান বিষয়াবলী থেকে দূরে থাকবে, সে তাঁর দ্বীন ও ইজ্জতকে বাঁচিয়ে নেবে।” ৩০২ (আহমাদ ৪/২৬৯, বুখারী ৫২, মুসলিম ১৫৯৯ নং, আবূ দাঊদ, তিরমিযী, ইবনে মাজাহ, দারেমী)

Source — https://www.hadithbd.com/books/link/?id=227

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন